



ঐশী জ্যোতিই আমাদের পথ প্রদর্শক

রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

রাজশাহী-৬২০৪

টেলিফোন নম্বর: (০৭২১)-৭৫০৭৯৮, ফ্যাক্স : +৮৮০-৭২১-৭৫০৯৩৫

E-mail : registrar@ruet.ac.bd, ওয়েবসাইট: www.ruet.ac.bd

স্মারক নং- ২০৯৮

তারিখঃ ১০/১২/২০১৮ খ্রি:।

ভর্তি সংক্রান্ত বিজ্ঞপ্তি

১ম বর্ষ স্নাতক কোর্সে ভর্তি সংক্রান্ত ৪র্থ তালিকা প্রকাশ এবং গত ০৬ ডিসেম্বর ২০১৮ খ্রিঃ তারিখ পর্যন্ত ভর্তিকৃত প্রার্থীদের প্রাথমিক বিভাগ বন্টন

২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে ১ম বর্ষ স্নাতক কোর্সে ভর্তির জন্য গত ২১ অক্টোবর ২০১৮ খ্রি: তারিখে অনুষ্ঠিত ভর্তি পরীক্ষার ফলাফলের ভিত্তিতে সারণী-১ এর মেধাক্রম ২৪০১ হতে ২৫২৫ পর্যন্ত মোট ১২৫ জন ও আসন খালি থাকা সাপেক্ষে ২৫২৬ হতে ২৮২৫ পর্যন্ত মোট ৩০০ জন এবং সারণী-২ এর মেধাক্রম ১৪১ হতে মেধাক্রম ১৪৭ পর্যন্ত মোট ০৭ জন ও আসন খালি থাকা সাপেক্ষে ১৪৮ হতে ১৭৫ পর্যন্ত মোট ২৮ জন প্রার্থীকে ভর্তির জন্য উপস্থিত হতে বলা হলো। ইহা ছাড়াও গত ০৬/১২/২০১৮ খ্রিঃ তারিখ পর্যন্ত ভর্তিকৃত ছাত্র/ছাত্রীদের প্রাপ্ত বিভাগের প্রাথমিক তালিকা প্রকাশ করা হলো।

সংশ্লিষ্ট প্রার্থীদের অত্র বিশ্ববিদ্যালয়ে ভর্তির নিমিত্তে নিম্নলিখিত কাগজপত্রাদি জমা প্রদান করতে হবেঃ

- (১) এসএসসি অথবা সমমানের পরীক্ষার মূল সার্টিফিকেট,
- (২) এসএসসি অথবা সমমানের পরীক্ষার মূল ট্রান্সক্রিপ্ট,
- (৩) এইচএসসি অথবা সমমানের পরীক্ষার মূল ট্রান্সক্রিপ্ট,
- (৪) এইচএসসি অথবা সমমানের পরীক্ষার মূল রেজিস্ট্রেশন কার্ড,
- (৫) ভর্তি পরীক্ষার (হল পরিদর্শক কর্তৃক স্বাক্ষরিত) প্রবেশপত্র,
- (৬) সর্বশেষ শিক্ষা প্রতিষ্ঠান প্রধান কর্তৃক প্রদত্ত মূল প্রশংসাপত্র,
- (৭) সত্যায়িত ব্যতিরেকে ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের সদ্যতোলা রঙ্গীন ছবি (ফরমাল পোশাকে),
- (৮) উপজাতী/ক্ষুদ্র জাতিসত্তা/নৃ-গোষ্ঠী প্রার্থীদের ক্ষেত্রে উপজাতী/ক্ষুদ্র জাতিসত্তা/নৃ-গোষ্ঠী-এর সনদের মূল কপি।

অত্র বিশ্ববিদ্যালয়ের একাডেমিক ভবন-৩ (জিসিই ভবন)- এ নির্ধারিত কমিটির নিকট সনদসমূহ যাচাইয়ের জন্য উপস্থিত হতে হবে। অন্য প্রতিষ্ঠানে ভর্তিকৃত প্রার্থীদের উক্ত শিক্ষা প্রতিষ্ঠান প্রধান (বিশ্ববিদ্যালয়ের ক্ষেত্রে বিভাগীয় প্রধান)-এর নিকট হতে এই মর্মে সার্টিফিকেট আনতে হবে যে, সে অত্র বিশ্ববিদ্যালয়ে ভর্তি হলে তাকে ছাড়পত্র দেয়া হবে এবং তার সনদপত্রসমূহ ফেরৎ দেয়া হবে। ভর্তির জন্য নির্বাচিত প্রার্থীদের সনদপত্র যাচাই-এর সময় ভর্তি ইচ্ছুক ছাত্র/ছাত্রীদের (১) শিক্ষা বৃত্তান্ত, (২) ছাত্র/ছাত্রী নিবন্ধীকরণ ফরম, (৩) ভর্তি ইচ্ছুক ছাত্র/ছাত্রীর সনদপত্রাদি জমার ফরম ও (৪) তাদের বিভাগের পছন্দক্রম নির্ধারিত ফরম মোট ০৪ (চার) টি ওয়েব সাইট (www.ruet.ac.bd/admission) হতে ডাউনলোড করে অবশ্যই যথাযথ ভাবে পূরণ করে সংগে আনতে হবে। বিভাগ নির্ধারণ মেধা ও পছন্দের ক্রম অনুসারে হবে। প্রাথমিক পর্যায়ে ছাত্র/ছাত্রীদেরকে যে বিভাগই প্রদান করা হোক না কেন ভর্তি প্রক্রিয়া সম্পন্ন হওয়ার পরে তাদের মেধা ও পছন্দের ক্রম অনুসারে বিভাগ নির্ধারণ চূড়ান্ত করা হবে।

সনদপত্রাদি যাচাইয়ের পর একই তারিখে স্বাস্থ্য পরীক্ষায় যোগ্য প্রমাণিত হলে কর্তৃপক্ষের অনুমোদনক্রমে নির্ধারিত সময়ের মধ্যে প্রয়োজনীয় ফিস জমা প্রদানপূর্বক তাদেরকে ভর্তি হতে হবে। ভর্তির সময় সর্বমোট ১৬,০০০/- (ষোল হাজার) টাকা লাগবে। কোন প্রার্থী নির্ধারিত সময়ের মধ্যে ভর্তি হতে ব্যর্থ হলে তার ভর্তির যোগ্যতা বাতিল হয়ে যাবে এবং আসন খালি থাকা সাপেক্ষে মেধা তালিকা হতে মেধাক্রম অনুযায়ী পর্যায়ক্রমে খালি/শূন্য আসনে ভর্তি করা হবে।

বিশেষ দৃষ্টব্য :

- ১। অনবধানতাবশতঃ কোন প্রকার ভুলত্রুটি বিশ্ববিদ্যালয়ের ভর্তি কমিটির সিদ্ধান্ত মোতাবেক যে কোন সময় সংশোধনযোগ্য।
- ২। অত্র বিশ্ববিদ্যালয়ের ক্যাম্পাসে হলসমূহে ছাত্র/ছাত্রীদের সীট খালি না থাকলে ছাত্র/ছাত্রীদের নিজ দায়িত্বে থাকা-খাওয়ার ব্যবস্থা করতে হবে।

সনদপত্রাদি যাচাই, স্বাস্থ্য পরীক্ষা ও ভর্তির তারিখ

ক্রমিক নং	ভর্তির বিবরণ	তারিখ	সময়
১।	<p>গ্রুপ-১ঃ ভর্তি পরীক্ষার ফলাফলের ভিত্তিতে মেধানুসারে</p> <p>(১) ইঞ্জিনিয়ারিং বিভাগ সমূহ ও ইউআরপি বিভাগে ভর্তি (সারণী-১ এর মেধাক্রম ২৪০১ হতে ২৫২৫ পর্যন্ত মোট ১২৫ জন)।</p> <p>(২) আর্কিটেকচার বিভাগে ভর্তি (সারণী-২ এর মেধাক্রম ১৪১ হতে ১৪৭ পর্যন্ত মোট ০৭ জন)।</p> <p>গ্রুপ-১ এর ছাত্রছাত্রীদের ভর্তি ২০/১২/২০১৮ খ্রিঃ সকাল ৯.০০ টায় শুরু হবে। তবে অবশ্যই সকাল ১১.০০ টার পূর্বে হাজির হতে হবে, অন্যথায় ভর্তির যোগ্যতা বাতিল হবে।</p>	২০/১২/২০১৮ বৃহস্পতিবার	সকাল ৯.০০ টা
	<p>গ্রুপ-২ঃ ভর্তি পরীক্ষার ফলাফলের ভিত্তিতে আসন খালি থাকা সাপেক্ষে মেধানুসারে</p> <p>(৩) ইঞ্জিনিয়ারিং বিভাগ সমূহ ও ইউআরপি বিভাগে ভর্তি (সারণী-১ এর মেধাক্রম ২৫২৬ হতে ২৮২৫ পর্যন্ত মোট ৩০০ জন)।</p> <p>(৪) আর্কিটেকচার বিভাগে ভর্তি (সারণী-২ এর মেধাক্রম ১৪৮ হতে ১৭৫ পর্যন্ত মোট ২৮ জন)।</p> <p>গ্রুপ-২ এর ছাত্রছাত্রীদের ভর্তি প্রক্রিয়া ২০/১২/২০১৮ খ্রিঃ সকাল ১১.৩০ টায় শুরু হবে। তবে অবশ্যই দুপুর ১২.০০ টার পূর্বে হাজির হতে হবে, অন্যথায় ভর্তির যোগ্যতা বাতিল হবে।</p>	২০/১২/২০১৮ বৃহস্পতিবার	সকাল ১১.৩০ টা
২।	ভর্তিকৃত ছাত্র/ছাত্রীর প্রাপ্ত বিভাগ ও ৫ম তালিকা প্রকাশ (আসন খালি থাকা সাপেক্ষে)	২৬/১২/২০১৮ বুধবার	রাত্রি ৯.০০ টা



(প্রফেসর ড.মোঃ আশরাফুল আলম)

সভাপতি

১ম বর্ষ ভর্তি পরীক্ষা কমিটি ২০১৮-২০১৯

ও

ডীন, ফ্যাকাল্টি অব এগুপ্লাইড সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং
রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।